170

দৈনিক সংবাদ

দৈনিক সংবাদ

তারিখ 22 MAR 1998
পৃষ্ঠা 7 কলাম 2

# পটুয়াখালীতে ছাত্রলীগ ছাত্রদল সংঘর্ষ

## পলিটেকনিক বন্ধ

পটুয়াখালী, ২১শে মার্চ (নিজস্ব সংবাদদাতার ফোন)।– গতকাল গভীর রাতে পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্রলীগ ও ছাত্রদল কর্মীদের মধ্যে সংঘর্ষে একটি কক্ষে অগ্নিসংযোগ করা হয়েছে। কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য ইনস্টিটিউট বন্ধ ঘোষণা করে আজ সকাল ১০টার মধ্যে ছাত্রাবাস ত্যাগের নির্দেশ দিয়েছেন। ইনস্টিটিউটে পুলিশ মোতায়েন করা হয়েছে।

ছাত্রলীগের জসীম গ্রুপের এক

পটুয়াখালী ঃ পৃঃ ৭ কঃ ৬

### পটুয়াখালী ঃ পলিটেকনিক

( ১ম পৃষ্ঠার পর )

সমর্থককে ছাত্রদলের দুলাল–রফিক মারধর করলে এ ঘটনার সূত্রপাত ঘটে।

গতকাল রাত ১টার দিকে এ নিয়ে উভয় পক্ষের মধ্যে ধাওয়া–পাল্টা ধাওয়া শুরু হয়। এসময় ছাত্রদলের দুলাল ও রফিক ২০৬ নম্বর কক্ষে আশ্রয় নেয়। ছাত্রলীগ কর্মীরা ঐ কক্ষে হামলা চালায়। ছাত্রলীগ কর্মীরা আসবাবপত্রে আগুন লাগিয়ে দেয়। ছাত্রদল কর্মীরা পালিয়ে যায়।